



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৮ নভেম্বর, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৮ নভেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৩.০০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সাস্ট রিসার্চ সেন্টার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য আয়োজিত “Statistical Methods and Computing” শীর্ষক ০৫(পাঁচ) দিনব্যাপী কর্মশালার শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, দক্ষ গবেষক উন্নত ও বিশ্বমানের গবেষণাকর্ম সম্পাদন করতে পারেন। বিশ্ববিদ্যালয়ের গবেষণাকে বিশ্বমানের করে গড়ে তুলতে বিশ্ববিদ্যালয় প্রশাসন বদ্ধপরিকর। এই লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন গবেষণা বাজেটও দ্বিগুণের বেশি বৃদ্ধি করেছে। আজ থেকে শুরু হওয়া ০৫(পাঁচ) দিনব্যাপী এই কর্মশালা দক্ষ গবেষক সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সাস্ট রিসার্চ সেন্টারের পরিচালক প্রফেসর ড. মোঃ জাকির হোসেনের সভাপতিত্বে কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রফেসর ড. কামাল আহমেদ চৌধুরী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সাস্ট রিসার্চ সেন্টারের সম্মানিত সদস্য প্রফেসর ড. ইঞ্জিনিয়ার মোহাম্মদ ইকবাল।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার